# ইস'রায়েলের নীতির বিরুদ্ধে ওআইসি সম্মেলনে বাংলাদেশ কঠোর বার্তা দিল




পররাষ্ট্র উপদেষ্টা : সংগৃহীত ছবি

তুরস্কে অনুষ্ঠিত ইসলামিক সহযোগিতা সংস্থা (ওআইসি) সদস্য রাষ্ট্রগুলোর বিশেষ পররাষ্ট্র উপদেষ্টা সম্মেলনে বাংলাদেশ কড়া বার্তা দিয়েছে ইসরায়েলের বিরুদ্ধে। বাংলাদেশের পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন বলেন, গাজা ও ইরানে ইসরায়েলের ধারাবাহিক হামলা আন্তর্জাতিক মানবাধিকার ও আইনের সরাসরি লঙ্ঘন। এই অপরাধমূলক কর্মকাণ্ডের জন্য ইসরায়েলকে আন্তর্জাতিক জবাবদিহিতার আওতায় আনতে হবে।

গতকাল শনিবার (২১জুন) তুরুস্কে আয়োজিত ওআইসির সম্মেলনে পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন বলেন-

“ইরানে সাম্প্রতিক হামলা শুধু একটি রাষ্ট্রের সার্বভৌমত্বের ওপর আঘাত নয়, বরং এটি গোটা মুসলিম বিশ্বের নিরাপত্তার জন্য হুমকি। একইসঙ্গে গাজায় মানবতাবিরোধী হামলা অব্যাহত রেখেছে ইসরায়েল। ওআইসি'র উচিত এখনই সম্মিলিত অবস্থান নিয়ে আন্তর্জাতিক মহলে ইসরায়েলের জবাবদিহি নিশ্চিত করা।”

তিনি বলেন, বাংলাদেশ শান্তির পক্ষে এবং নিরস্ত্র মানুষের ওপর যেকোনো হামলার বিরুদ্ধে। তিনি জাতিসংঘ ও আন্তর্জাতিক ফোরামগুলোতে আরও কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য ওআইসি সদস্যদের একসঙ্গে কাজ করার আহ্বান জানান।

এছাড়াও সম্মেলনে পররাষ্ট্র উপদেষ্টা রোহিঙ্গা সমস্যার জন্য সবাইকে এগিয়ে আসার আহ্বান ও জানান। পাশাপাশি আইসিজেতে ওআইসির আইনি উদ্যোগ ও ওআইসি টেন ইয়ার প্রোগ্রাম অব অ্যাকশনে রোহিঙ্গা ইস্যুকে অন্যতম গুরুত্বপূর্ণ কৌশলগত লক্ষ্য হিসেবে অন্তর্ভুক্তির জন্য ওআইসির প্রতি গভীর কৃতজ্ঞতা জানান পররাষ্ট্র উপদেষ্টা। সেই সঙ্গে রোহিঙ্গাদের প্রত্যাবর্তনে মিয়ানমারের ওপর কূটনৈতিক চাপ বাড়ানোর জন্য এগিয়ে আসার আহ্বান করেন।পাশাপাশি আইসিজেতে চলমান আইনি কার্যক্রমে অর্থায়নে সহায়তা করার আহ্বান জানান তিনি।

সম্মেলনে উপস্থিত ওআইসি সদস্য রাষ্ট্রগুলোর প্রতিনিধিরা ইসরায়েলের আগ্রাসনের বিরুদ্ধে একমত পোষণ করেন এবং একটি যৌথ বিবৃতিতে গাজায় অবিলম্বে যুদ্ধবিরতি, ইরানের ওপর হামলার নিন্দা এবং মানবিক সহায়তা নিশ্চিতে সমন্বিত পদক্ষেপের ঘোষণা দেন।